

ISSN No. 2320 7647

# সাহিত্য

সাহিত্য

ত্রৈমাসিক সংস্কৃতি ও গবেষণা পত্রিকা




শরৎ ১৪২৬

বিশেষ সাহিত্য সংখ্যা

সম্পাদনা

অপরেণ মণ্ডল ও কনক কাশি রায়



এমন মানব জমিন রইল পতিত  
আবাদ করলে ফলতো সোনা

ISSN 2320 7647

**আবাদ**

সা হি তা

ত্রৈমাসিক দ্বিভাষিক সংস্কৃতি ও গবেষণা পত্রিকা

প্রকৃত ১১ বর্ষ, নবপর্যায় ৫ বর্ষ, ৩ ও ৪ সংখ্যা, মে-জুলাই  
ও আগস্ট - অক্টোবর ২০১৯

AABAD Sahitya, Vol. 5, 3 and 4, Joint issue, May-July and August-Oct. 2019,  
D.L. No.-173, dt. 20/08/2015

শরৎ ১৪২৬  
বিশেষ সাহিত্য সংখ্যা

বিনিময় : ২০০ টাকা মাত্র

১৫. শ্রোহ কথা - ড. দেবপ্রসাদ সিংহ	৫৩
১৬. সাম্যের আহ্বান - আবু হানিফ	৫৯

### সুন্দরী ভাষার কবিতা

১. সৌন্দর্যবনের জেবন - সুমন মিস্ত্রী	৬০
২. নোনা গী-র বউ - সুলতা গায়েন	৬১

### ছোটগল্প

১. পথ মানুষ ও পথের মানুষ - লুৎফর রহমান	৬২
২. ছেই ছেই জাহ সো - অভিরূপ মিত্র	৯০
৩. গরণ সুন্দরী - অরূপম মাইতি	৯৪
৪. পিছল - চিত্রা মুখোপাধ্যায়	৯৯
৫. মধ্যবর্তিনী - জয়ন্তী রায়	১০১
৬. মৃতের দাবি - হারাধন চৌধুরী	১০৫
৭. ভাটির দেশ - গৌতম বিশ্বাস	১১০
৮. অপেক্ষা - সুব্রত সরকার	১১৫
৯. ছাপার অযোগ্য - মাহবুব আলী	১২০
১০. দুখস্তের বাবা - অজয়কৃষ্ণ ব্রহ্মচারী	১৩৩
১১. মায়ের তসবীর - সুকুমার পয়রা	১৩৭
১২. কালোমাটির ভাষা - স্বপন শর্মা	১৪১
১৩. এক চলতে রোদ - প্রিতম মণ্ডল	১৪৪
১৪. চমক - ফটিক চৌধুরী	১৪৬
১৫. স্বাধীনতা - কুমা সমাদ্দার	১৪৭
১৬. চন্ডালিনী বৃন্তান্ত - আলপনা মণ্ডল	১৪৯

### বিশেষ নিবন্ধ

১. পাকিস্তান : সঙ্গ নিঃসঙ্গতা ও মান্টো - ভাস্কর ঘোষ	১৫৪
২. পুনর্নির্মাণ : ভাবনা ও বিস্তার - সিদ্ধার্থ খাঁড়া	১৬৫
৩. বিচ্ছৃতিভূষণ ও বাস্তববোধ : 'পথের পাঁচালী' খাদ্যপ্রসঙ্গ	১৭৪

### পাঠ প্রতিক্রিয়া

১. অরণ্যপথের কবি স্বপন মণ্ডল ..... - হিমাংশু দাস	১৭৯
২. কবিতায় চেতনার আলো..... - কাজী রুণা লায়লা খানম	১৮৪

Imbibing the Popular : A Study of Jatra-ic  
influence on the Contemporary Banabibi-r  
Palagaan of Sundarbans - Mousumi Mandal

১৮৬

## পুনর্নির্মাণ : ভাবনা ও বিস্তার সিদ্ধার্থ ঝাঁড়া

বিংশ শতাব্দীর দ্বিতীয়ার্ধের প্রবল প্রভাবশালী দার্শনিক সমালোচক ও তাত্ত্বিক জ্যাক দেরিদার খ্যাতি মূলত তার বিনির্মাণবাদ তত্ত্বের জন্য। বাল্যকাল থেকেই দেরিদা হার্সেল ও মার্টিন হাইডেগারের রচনার প্রতি ছিলেন অধিক মনোযোগী। এই হাইডেগারের Destruction এর আদলে দেরিদা তার তত্ত্বকে Deconstruction বা বিনির্মাণবাদ বলেছেন। এই বিনির্মাণবাদকেই অবিনির্মাণ, প্রতিনির্মাণ, পুনর্নির্মাণ এইভাবে নাম দেওয়া যেতে পারে।

Deconstruction Destruction-এর পরিশুদ্ধ নবীকরণ। তবে ১৯৭৪-এর পর থেকে বিনির্মাণকে ধ্বংস না বলে ইতিবাচক অবিনির্মাণ বা অ্যাফাসেটিক Deconstruction বলেছেন। অবিনির্মাণ ও পুনর্নির্মাণ সবকিছু আসলে নতুন। এবং সবই টেক্সচুয়াল। রূপক ও যুক্তির অসঙ্গীতবোধকে সন্ধান করে অবিনির্মাণ ভেঙে গড়ে, গড়ে ভাঙবে। পুনর্নির্মাণে গ্রন্থের আপন গ্রন্থ দিয়ে সূত্রাবলীকে আবার বুনে কার্যকরী করা।

পুনর্নির্মাণের ক্ষেত্রে ঘটে - ১. আবর্তনের বেমানান বা আর Displacement of Reversals। ২. বিবেচকের দৃষ্টিভঙ্গীর সাহায্যে একটি গ্রন্থ থেকে আরেকটি গ্রন্থ নির্মাণ। অর্থাৎ আবার নতুন করে সৃষ্টি হয়।

আবর্তন বা Reversals হল একটি মূল Text যা থেকে আরেকটি নতুন ও ভিন্ন Text তৈরি হয়। এই প্রক্রিয়ায় দ্বিতীয় Text-টির উপাদানের সাথে প্রথম Text-এর দুটি Text-এর মধ্যে এই যে সমন্বয় সেখানে মিল ও অমিল দুই-ই ঘটে এই দুটি Text-এর মধ্যকার আন্তঃসম্পর্ক আসলে দেরিদার দৃষ্টিতে প্রত্যাবর্তন বা আবর্তন।

পুনর্নির্মাণ বা বিনির্মাণ প্রচলিত ধারণাকে ভাঙে। একটি গ্রন্থের একক সর্বস্বতার দাবিকে ভাঙে অর্থাৎ একটি গ্রন্থের বদ্ধত্বপ্রাপ্তির ক্ষেত্রে বিনির্মাণের গুরুত্ব রয়েছে। পুনর্নির্মাণ বা বিনির্মাণবাদ তাহি কোনো ধ্বংসযজ্ঞ বা বিধ্বংসী প্রকল্প নয়। যে ভাঙার কথা বলা হয় তা আসলে ভাঙতে নয়। পুনর্নির্মাণের জন্য ভাঙার মতো একটি ব্যাপার।

হাইডেগার তার Basic problems of phenomenology বইতে দর্শনচর্চার যে তিনটি পর্যায় উল্লেখ করেছেন। দেরিদার বিনির্মাণের ক্ষেত্রে তা অত্যন্ত উল্লেখযোগ্য -

১. রূপান্তরীকরণ ২. কনস্ট্রাকশন বা নির্মাণ ৩. ডিস্ট্রাকশন বা ধ্বংস সাধন  
প্রক্রিয়াটি হবে -

